# ১১-২০ গ্রেড সরকারি চাকুরিজীবী ফোরাম


কেন্দ্রীয় নির্বাহী পরিষদ

অস্থায়ী কার্যালয়ঃ ৩১ নং মসজিদুল ফেরদৌস কমপ্লেক্স, ব্লক-বি, মিরপুর-২, ঢাকা।

ই-মেইলঃ hassanmahmudul157@gmail.com, ০১৭১৫৫৮৩৮৮৩, ০১৭১২-১৪৯১৪৩, ০১৭১৯৯১৩৬৯৪


বরাবর
সভাপতি
জাতীয় বেতন কমিশন- ২০২৫
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: জাতীয় বেতন স্কেল-২০২৫ বাস্তবায়নের লক্ষ্যে "১১-২০ গ্রেড সরকারি চাকুরিজীবী ফোরাম" এর প্রস্তাবনা।

মহোদয়,
যথাযথ সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, "১১-২০ গ্রেড সরকারি চাকুরিজীবী ফোরাম" বাংলাদেশের কর্মচারী অঙ্গনের সর্ববৃহৎ সংগঠন। এই সংগঠন কর্মচারীদের কমন দাবী নিয়ে দীর্ঘ ৭ বছর ধরে কাজ করে আসছে। ১১-২০ ফোরাম এর নেতৃবৃন্দের উদ্যোগে বিদ্যমান বাজার ব্যবস্থা পর্যবেক্ষণের মাধ্যমে বাস্তবতার নিরিখে ২০১৫ সালের বৈষম্যযুক্ত পে স্কেলের চরম বৈষম্য দূরীকরণ ও গত ১০ বছরে ২ টি পে-স্কেল বঞ্চিত হওয়ার বিবেচনায় ৬ সদস্যের পরিবারের জীবন যাপনের ব্যয় হিসেবে কর্মচারীদের মতামতের ভিত্তিতে নিম্ন বর্ণিত একটি প্রস্তাবনা তুলে ধরা হলো-

❖ প্রস্তাবিত বেতন স্কেলঃ

| বর্তমান গ্রেড | প্রস্তাবিত গ্রেড | গ্রেড অনুযায়ী মূল বেতন |
|---|---|---|
| ১ম | ১ম | ১২৮০০০.০০ |
| ২য় | ২য় | ১১৫০০০.০০ |
| ৩য় | ৩য় | ১০৫০০০.০০ |
| ৪র্থ | ৪র্থ | ৯৮০০০.০০ |
| ৫ম | ৫ম | ৯০০০০.০০ |
| ৬ষ্ঠ ও ৭ম | ৬ষ্ঠ | ৮০০০০.০০ |
| ৮ম ও ৯ম | ৭ম | ৭০০০০.০০ |
| ১০ম | ৮ম | ৬০০০০.০০ |
| ১১, ১২ ও ১৩ তম | ৯ম | ৫৩০০০.০০ |
| ১৪ ও ১৫ তম | ১০ম | ৪৭০০০.০০ |
| ১৬ তম | ১১ তম | ৪২০০০.০০ |
| ১৭, ১৮ ও ১৯ তম | ১২ তম | ৩৭০০০.০০ |
| ২০ তম | ১৩ তম | ৩২০০০.০০ |

উলেখ্য, বর্তমানে সরকারি হাসপাতালে চিকিৎসাধীন একজন রোগীর জন্য দৈনিক শুধুমাত্র খাদ্য ও পথ্য বাবদ ১৭৫/- টাকা বরাদ্দ দেওয়া হয়। যদি একজন সর্বনিম্ন বেতনভুক্ত সরকারি কর্মচারীর পরিবারে মোট ৬ জন সদস্য থাকেন, তবে তাদের শুধুমাত্র খাদ্য বাবদ মাসিক ন্যূনতম ব্যয় হওয়া উচিত: ১৭৫ টাকা (প্রতিজন/প্রতিদিন)×৬ জন×৩০ দিন=৩১,৫০০/- টাকা।

চলমান পাতা-২/১

❖ প্রস্তাবিত মাসিক বাড়ি ভাড়াভাতার হারঃ (প্রস্তাবিত ৯ থেকে ১৩ গ্রেডের সকল কর্মচারীদের জন্য)

| ঢাকা সিটি কর্পোরেশন এলাকার জন্য | চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়ণগঞ্জ ও গাজিপুর সিটি কর্পোরেশন এবং সাভার ও কেরানীগঞ্জ উপজেলা**এলাকার জন্য (ইতমধ্যে উপদেষ্টা পরিষধের বৈঠকে সাভার উপজেলাকে সিটি কর্পোরেশন ঘোষনার নীতিগত সিদ্ধান্ত হয়েছে) | অন্যান্য এলাকার জন্য |
|---|---|---|
| মূল বেতনের শতকরা ৮০% | মূল বেতনের শতকরা ৭০% | মূল বেতনের শতকরা ৬০% |

❖ প্রস্তাবিত মাসিক অন্যান্য ভাতাঃ

➢ চিকিৎসা ভাতা ৬০০০ টাকা, শিক্ষা ভাতা (সন্তান প্রতি) ৩০০০ টাকা, ধোলাই ভাতা ৫০০ টাকা, যাতায়াত ভাতা ঢাকা শহরে ৩০০০ এবং অন্যান্য এলাকায় ২০০০ টাকা, ইউটিলিটি ভাতা ২০০০ টাকা, টিফিন ভাতা ২২০০ টাকা (দৈনিক ১০০ টাকা হারে), বৈশাখী ভাতা ৫০% হারে, পাহাড়ি/দুর্গম/পর্যটন/উপকূলীয় অঞ্চলে ৪০% ভাতা এবং ঝুঁকি ভাতা ২০০০ টাকা (ঝুঁকিপূর্ণ কাজের জন্য) করার প্রস্তাব করছি।

❖ প্রস্তাবিত অন্যান্য ভাতাঃ

➢ পেনশন বিদ্যমান ৯০% এর পরিবর্তে ১০০% এবং আনুতোষিকের হার ২৩০ টাকার পরিবর্তে ৫০০ টাকায় বৃদ্ধি করার দাবি করছি।

➢ পূর্বের ন্যায় ৩ টা টাইমস্কেল ও ২ টি সিলেকশন গ্রেড পূনঃবহাল।

➢ সকল স্বায়ত্তশাসিত/রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানে সরকারি কর্মচারীদের ন্যায় পেনশন সুবিধা ও গ্রাচ্যুইটি এবং গৃহ নির্মাণ ঋণ প্রদানের দাবি করছি। (বর্তমানে স্বায়ত্তশাসিত/রাষ্ট্রায়ত্ব প্রায় ৮০% প্রতিষ্ঠানে সরকারি কর্মচারীদের ন্যায় পেনশন চালু আছে কিন্তু কিছু মানব উন্নয়ন বা শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা মুলক প্রতিষ্ঠান পেনশন সুবিধার বাহিরে যেমন বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট, পাট গবেষনা ইনস্টিঃ ইত্যাদি)

➢ সকল প্রকার ব্লক পদ বাতিল করে পদোন্নতির বিধান চালু অথবা গ্রেড পরিবর্তন করার দাবি করছি।

➢ প্রস্তাবিত ০৯ থেকে ১৩ গ্রেডের কর্মচারীদের জন্য খাদ্য পন্যের ক্ষেত্রে রেশন পদ্ধতি চালু দাবি করছি।

➢ সকল ক্ষেত্রে এক ও অভিন্ন নিয়োগবিধি প্রবর্তন করতে হবে।

➢ প্রস্তাবিত ০৯ থেকে ১৩ গ্রেডের কর্মচারীদের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি ৫% এর পরিবর্তে ১০% করার প্রস্তাব করছি।

➢ শ্রান্তি বিনোদন ভাতা ৩ বছরের পরিবর্তে প্রতি ২ বছর এ প্রদানের দাবি করছি।

➢ প্রস্তাবিত ০৯ থেকে ১৩ গ্রেডের সকল কর্মচারীদের সাজ পোশাক ভাতা দিতে হবে।

➢ প্রস্তাবিত ০৯ থেকে ১৩ গ্রেডের কর্মচারীদের (অফিস বন্ধের সময়) ডিউটি/অতিরিক্ত কাজ করালে ওভার টাইম দিতে হবে।

মহোদয়, প্রজাতন্ত্রের কর্মচারীদের ন্যায় সংগত দাবি ন্যায্যতা ও বৈষম্য মুক্ত ভাবে আমাদের প্রস্তাবনা ও আগামী ৫ বছরের মূল্যস্ফীতি বিবেচনায় পে-স্কেলের সুপারিশ প্রনায়নে আপনার সদয় মর্জি প্রার্থনা করছি।

বিনীত নিবেদক।


(মোঃ আব্দুর রাজ্জাক)
সাংগঠনিক সম্পাদক
কেন্দ্রীয় নির্বাহী পরিষদ
মোবাইল নং ০১৭১৯৯১৩৬৯৪

(মোঃ মাহমুদুল হাসান)
সাধারন সম্পাদক
কেন্দ্রীয় নির্বাহী পরিষদ
মোবাইলঃ ০১৭১২১৪৯১৪৩

(মোঃ লুৎফর রহমান)
সভাপতি
কেন্দ্রিয় নির্বাহী পরিষদ
মোবাইল নং- ০১৭১৫৫৮৩৮৮৩